

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
“ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট”
নগর ভবন, ১৪তলা (পূর্ব ব্লক), ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
(www.dtca.gov.bd)

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০২.৩৭.০৪৮.১৭-০৬

তারিখঃ ১১-০১-২০১৮ খ্রিঃ

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় বাস্তবায়নধীন Dhaka Integrated Traffic Management Project এর নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন (জুন/২০১৮) সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্ব বর্ণিত সর্বসাকুল্য (Consolidate) বেতনে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও সাকুল্য বেতন	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০৩।	হিসাবরক্ষক গ্রেড-১১, (সর্বসাকুল্য)	০১ (এক)	বয়সঃ অনূর্ব -৩২ বছর।	বাণিজ্য বিভাগে ম্নাতক ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।

শর্তসমূহঃ

- ১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদগুলো সম্পূর্ণ অস্থায়ীভাবে সর্বসাকুল্য বেতনে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।
- ২। আবেদনপত্র ডিটিসিএ'র ওয়েব সাইট (www.dtca.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার ও অন্যান্য সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামসহ সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। পরীক্ষার ফি বাবদ “প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট” এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি (অফেরতযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৪। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এস.এস.সি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। সরকার কর্তৃক নির্দেশিত কোটা পদ্ধতি অনুসৃত হবে।
- ৬। খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রয়োজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- ৭। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১০। আবেদন বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ ক্লিপ বোর্ড/কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে।
- ১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১৩। উপরিউক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজ্য সরকারের বিধিবিধান অনুসরণ করা হবে।
- ১৪। যেকোন বা সকল দরখাস্ত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৫। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৬। আবেদনপত্র আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে কেবলমাত্র ডাকযোগে “প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট, ডিটিসিএ, ১৪তলা, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা”-এর বরাবরে পৌঁছাতে হবে।
- ১৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৮। প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯”x ৪” সাইজের ডাকটিকেটসহ ১টি খাম আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

(মোঃ ইতরাত হোসেন জাকারিয়া পি.ইঞ্জ)

প্রকল্প পরিচালক

ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট

ডিটিসিএ, ১৪তলা, দক্ষিণ নগর ভবন

ফুলবাড়িয়া, ঢাকা-১০০০